

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৮৩৩

আগরতলা, ১৯ জানুয়ারি, ২০২৬

ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস ২০২৬

**সমাজে বিভিন্ন ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য রাজ্য নাগরিক
পুরস্কার ও স্টেটছড ডে পুরস্কার প্রাপকদের নাম ঘোষিত**

ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উপলক্ষ্যে এবছরও সমাজের বিশিষ্টজনদের বিভিন্ন ক্ষেত্রে অবদান রাখার জন্য রাজ্য নাগরিক পুরস্কার এবং স্টেটছড ডে পুরস্কার প্রাপকদের নাম ঘোষণা করা হয়েছে। আগামী ২১ জানুয়ারি, ২০২৬ রবীন্দ্র শতবার্ষিকী ভবনে পূর্ণরাজ্য দিবস উদযাপনের রাজ্যভিত্তিক অনুষ্ঠানে এই পুরস্কারগুলি প্রদান করা হবে। রাজ্য নাগরিক পুরস্কারের মধ্যে ত্রিপুরা বিভূষণ সন্মান প্রদান করা হবে প্রয়াত শিক্ষাবিদ ধীরেন্দ্র চন্দ্র দত্তকে (মরণোত্তর), ত্রিপুরা ভূষণ সন্মান প্রদান করা হবে রাজ্য বিধানসভার প্রাক্তন অধ্যক্ষ প্রয়াত বিশ্ববন্ধু সেনকে (মরণোত্তর) এবং বিশিষ্ট চিত্রনাট্য লেখক বিপ্লব গোস্বামীকে, শচীন দেববর্মা স্মৃতি রাজ্য সন্মান প্রদান করা হবে বিশিষ্ট লোকশিল্পী সূর্য কুমার দেববর্মাকে (সদাগর), মহারাণী কাঞ্চনপ্রভা দেবী স্মৃতি রাজ্য সন্মান প্রদান করা হবে কামালঘাটের চম্পা দাসকে এবং বিজ্ঞান ও পরিবেশ সংক্রান্ত কার্যাবলির জন্য স্টেট অ্যাওয়ার্ড দেওয়া হবে বীরবিক্রম মেমোরিয়াল কলেজের অ্যাসোসিয়েট প্রফেসর এবং এইচ.ও.ডি. ড. অরিজিৎ দাসকে। এছাড়াও অনুষ্ঠানে স্টেটছড ডে অ্যাওয়ার্ডে গুড সিটিজেন অ্যাওয়ার্ড প্রদান করা হবে পূর্ব প্রতাপগড়ের গৌতম দাসকে, শ্রেষ্ঠ স্টার্টআপ এন্ট্রাপ্রেনার হিসেবে নাগিছড়ার আটকালাপা বায়োটেকনোলজি এল.এল.পি.-কে, কৃষি / উদ্যান ক্ষেত্রে শ্রেষ্ঠ এন্ট্রাপ্রেনার হিসেবে পুরস্কার প্রদান করা হবে সালেমার সিঙ্গুকচাক ভিলেজের ধনবাবু হালামকে, মৎস্যক্ষেত্রে শ্রেষ্ঠ এন্ট্রাপ্রেনার হিসেবে সিপাহীজলার মোহনভোগের কৃষ্ণ দেববর্মাকে, অ্যানিমেল হাসবেন্ডরি ক্ষেত্রে শ্রেষ্ঠ এন্ট্রাপ্রেনার হিসেবে পুরস্কার প্রদান করা হবে বিশ্রামগঞ্জের রতন দেবনাথকে, হস্ততঁত ও হস্তকারু / মৌমাছি পালন ক্ষেত্রে শ্রেষ্ঠ এন্ট্রাপ্রেনার হিসেবে তেলিয়ামুড়ার উত্তম কুমার দাসকে, ইন্ডাস্ট্রিয়াল এন্টারপ্রাইজের ক্ষেত্রে শ্রেষ্ঠ এন্ট্রাপ্রেনার হিসেবে ফটিকরায়ে়ের কাঞ্চনবাড়ির দীপক দত্তকে, শ্রেষ্ঠ মোবাইল অ্যাপের জন্য পূর্ব যোগেন্দ্রনগরের সত্যব্রত বিশ্বাসকে, শ্রেষ্ঠ কো-অপারেটিভ সোসাইটি হিসেবে গোমতী জেলার তুলামুড়া প্যাকস লিমিটেডকে, শ্রেষ্ঠ শিক্ষাবিদ হিসেবে বিলোনীয়ার লক্ষ্মণ মালাকারকে, শ্রেষ্ঠ ক্রীড়াবিদ হিসেবে নতুননগরের শ্রীপর্ণা দেবনাথকে স্টেটছড ডে অ্যাওয়ার্ড দেওয়া হবে।
